শেখ হাসিনার উদ্যোগ

# কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২

সদর দপ্তর, উত্তর রামপুর (বিশ্বরোড), পোঃ আহম্মদনগর, কুমিল্লা।

ISO 9001:2015 Certified

মুজিব শতবর্ষ

স্মারক নং-২৭.১২.১৯৩৩.৫৪২.০১.০৮.২৩- ৫৯৭২  তারিখঃ ০৯আগস্ট, ২০২৩খ্রিঃ

২৫শ্রাবণ, ১৪৩০বঙ্গাব্দ।

## উন্মুক্ত নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিম্নবর্ণিত কনডেম ঘোষিত ওএন্ডএম স্টোরের অব্যবহারযোগ্য বিভিন্ন প্রকার মালামাল যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে নিলামে বিক্রয়ের লক্ষ্যে নিম্নোল্লিখিত শর্তসাপেক্ষে পৃথক পৃথক প্যাকেজে দর প্রস্তাবের জন্য আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদারগণের নিকট হইতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা, মোবাইল নম্বর ও স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

| প্যাকেজ নং | বিক্রয়তব্য মালামালের বিবরণ | পরিমান | দরপত্র দলিলের মূল্য (টাকা) | দরপত্র জামানতের পরিমাণ (টাকা) | দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী | দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | গ্রহণ | খোলা |
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ |
| প্যাকেজ নং- ২০২৩-২৪/ কুমিল্লা পবিস-২/প্রশাসন/০১ | হার্ডওয়্যার, গাই তার, স্টীল পোল, এবং লৌহ জাতীয় মালামাল | ১,০৪,১১১ কেজি | ১,৫০০.০০ | উদ্ধৃত মোট মূল্যের ২৫% | ১০/০৮/২০২৩খ্রিঃ তারিখ বৃহস্পতিবার হইতে ২৭/০৮/২০২৩ তারিখ রবিবার পর্যন্ত। | ২৮/০৮/২০২৩খ্রিঃ তারিখ সোমবার দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত। | ২৮/০৮/২০২৩খ্রিঃ তারিখ সোমবার দুপুর ১২:০৫ ঘটিকায়। |
| প্যাকেজ নং-২০২৩-২৪/ কুমিল্লা পবিস-২/ প্রশাসন/০২ | এক ফেজ এনালগ মিটার | ১১,৪৮৪টি | ১,০০০.০০ | উদ্ধৃত মোট মূল্যের ২৫% | | | |
| | এক ফেজ ডিজিটাল মিটার | ৮,৭৫২টি | | | | | |
| | তিন ফেজ ডিজিটাল মিটার | ২২৬টি | | | | | |
| প্যাকেজ নং-২০২৩-২৪/ কুমিল্লা পবিস-২/ প্রশাসন/০৩ | ১১ কেভি সিটি/পিটি | ০৭টি | ১,০০০.০০ | উদ্ধৃত মোট মূল্যের ২৫% | | | |
| | ৩৩ কেভি সিটি/পিটি | ০২টি | | | | | |
| | ক্যাপাসিটর | ০৫টি | | | | | |
| | ট্রান্সফরমার সিআরজিও কোর | ১২,১৫৩কেজি | | | | | |

০১। আগ্রহী দরদাতাকে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ অনুকূলে যেকোন তফসীলি ব্যাংক হইতে **০৪ (চার)** নং কলামে বর্ণিত পরিমান টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সিনিয়র জেনারেল ম্যানেজার বরাবর নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে **ক) কুমিল্লা পবিস-২, উত্তর রামপুর(বিশ্বরোড), কুমিল্লা অথবা, খ) পরিচালক পবিস মনিটরিং ও ব্যাঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯** হইতে অফিস চলাকালীন নিলাম দরপত্র দলিল সংগ্রহ করিতে পারিবেন।

০২। নিলাম দরপত্র দাখিলের প্রতিটি দরপত্রের সাথে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক হইতে **০৫(পাঁচ)** নং কলামে বর্ণিত পরিমাণ অর্থাৎ উদ্ধৃত মোট নিলাম দরের ২৫% টাকার (ব্যর্থ দরদাতাদের জামানত প্রযোজ্য ক্ষেত্রে ফেরতযোগ্য এবং বিক্রয়াদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে সমন্বয় করা হইবে) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করিতে হইবে। নিরাপত্তা জামানত ছাড়া কোন দরপত্র গ্রহণযোগ্য হইবে না। দাখিলকৃত নিলাম দরপত্রসমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী অত্র পবিস'র **সদর দপ্তর, উত্তর রামপুর (বিশ্বরোড), কুমিল্লা এবং পরিচালক পবিস মনিটরিং ও ব্যাঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায়** দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হইবে।

০৩। নিলাম দরপত্র গ্রহণ/খোলার দিন যদি কোন কারণে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ছুটি ঘোষিত হয় তবে পরবর্তী অফিস খোলার দিন নির্ধারিত সময়ে দরপত্র গ্রহণ/খোলা হইবে। ডাক/কুরিয়ার যোগে কোন নিলাম দরপত্র দলিল প্রেরণ বা গ্রহণ করা হইবে না।

০৪। আগ্রহী যে কোন ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদারগণ বর্ণিত নিলামযোগ্য মালামালের দর প্রস্তাবের ক্ষেত্রে উপরের বর্ণনা অনুযায়ী নির্ধারণকৃত পৃথক পৃথক প্যাকেজ নাম্বারের বিপরীতে নিলাম দর দাখিল করিতে হইবে। এক্ষেত্রে এক বা একাধিক প্যাকেজের বিপরীতে দর প্রস্তাব করা যাইবে। তবে বর্ণিত নিলামযোগ্য মালামালের ক্ষেত্রে প্রস্তাবিত প্রতিটি প্যাকেজের বিপরীতে পৃথক পৃথক নিরাপত্তা জামানত প্রদান করিতে হইবে। এক্ষেত্রে পৃথক পৃথকভাবে প্রাপ্ত সর্বোচ্চ ও রেসপনসিভ নিলাম দরদাতাকে বিক্রয়াদেশ প্রদান করা হইবে।

০৫। সীলমোহরকৃত খামের উপর স্পষ্টাক্ষরে প্যাকেজ নম্বর উল্লেখসহ "নিলাম দরপত্র" কথাটি লিখিতে হইবে।

০৬। কৃতকার্য নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত বিক্রয়াদেশ প্রদানের ১৫(পনের) দিনের মধ্যে অবশ্যই অবশিষ্ট ৭৫% মূল্য এবং সরকারি নিয়মানুযায়ী উদ্ধৃত মোট নিলাম দরের উপর পৃথক পৃথকভাবে প্রযোজ্য হারে ভ্যাট ও অন্যান্য উৎস করসহ নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ পূর্বক নিজস্ব ব্যয়ে যেখানে যে অবস্থায় আছে সেখান হইতে মালামাল গ্রহণ করিতে হইবে। অন্যথায় বিক্রয়াদেশ বাতিলসহ দরপত্রের সাথে দাখিলকৃত নিরাপত্তা জামানতের অর্থ সম্পূর্ণ বাজেয়াপ্ত করা হইবে। উল্লেখ্য যে, পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর ক্ষেত্রে নগদায়নের পর মালামাল ডেলিভারী দেওয়া হইবে।

০৭। বর্ণিত মালামালসমূহ প্রতিদিন অফিস চলাকালীন (ছুটির দিন ব্যতিত) আগামী ২৭-০৮-২০২৩খ্রিঃ তারিখ পর্যন্ত কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, উত্তর রামপুর (বিশ্বরোড), কুমিল্লায় পরিদর্শন করা যাইবে এবং এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাদি সংগ্রহ করা যাইবে।

০৮। দরপত্রে কোন প্রকার কাটাছেঁড়া/ঘষামাজা গ্রহণযোগ্য হইবে না। উদ্ধৃত একক দর ও মোট দর কথায় উল্লেখ করিতে হইবে। শর্তবহির্ভূত কোন সমস্যার উদ্ভব হইলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

০৯। নিলাম দরপত্র সম্পর্কে কাহারও কোন প্রকার জিজ্ঞাসা থাকিলে/ব্যাখার প্রয়োজন হইলে উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে নিম্নের ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাইতে হইবে।

১০। পবিস কর্তৃপক্ষ কোন প্রকার কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করেন।

"বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হউন,
অন্যকে ব্যবহারে সুযোগ দিন।"

যোগাযোগের ঠিকানা
কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২
উত্তর রামপুর(বিশ্বরোড), কুমিল্লা।
মোবাইলঃ ০১৭৬৯-৪০০৩৭৫

সিনিয়র জেনারেল ম্যানেজার
কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২।